# ভ্রমণ সার্ভে

ভ্রমণ সার্ভে ইউকে ও আয়ারল্যান্ড ব্যাপী হেঁটে, হুইল করে ও সাইকেল চালিয়ে যাতায়াত সম্বন্ধে বুঝতে ও উন্নতি করতে শহর ও শহরতলির নেতৃবর্গকে সাহায্য করে।

## এই পৃষ্ঠায়


1. স্টাডির বিষয়ে
2. আমি কিভাবে অংশ নিতে পারি?
3. অংশগ্রহণের জন্য আমাকে কেন বেছে নেওয়া হয়েছে?
4. অংশগ্রহণে কি করা হবে?
5. কারা এই গবেষণা করছে?
6. আমি যে তথ্য জানাই সেসব দিয়ে আপনারা কি করবেন?
7. অংশ নিলে আমি কি ভাউচার পাব?
8. আমার উত্তর কি প্রভেদ আনতে পারবে?
9. আমাদের যোগাযোগ করুন
10. গোপনীয়তার নোটিস


### স্টাডির বিষয়ে

এই ভ্রমণ সার্ভে (Travel Survey) একটি ধারাবাহিক গবেষণামূলক অধ্যয়ন, অংশগ্রহণকারী স্থানীয় কর্তৃপক্ষের সাথে মিলে সাসট্রান্স (Sustrans) এটি পরিচালনার দায়িত্ব দিয়েছে।

এই সার্ভে অবকাঠামো, ভ্রমণের আচরণ, হাঁটা, হুইল করা ও সাইকেল চালিয়ে যাতায়াতের প্রভাব এবং নতুন কর্মপ্রচেষ্টা সমেত শহরে হাঁটা, সাইকেল চালানো, হুইল করে যাতায়াতে বিকাশ পরীক্ষা করে দেখছে। অবকাঠামোয় উন্নয়ন, ভ্রমণের আচরণ বোঝা এবং আপনার এলাকায় ভ্রমণে উন্নয়নের জন্য সাসট্রান্স (Sustrans) এবং স্থানীয় কর্তৃপক্ষ এই তথ্য ব্যবহার করবে।

## আমি কিভাবে অংশ নিতে পারি?

এই সার্ভেতে অংশগ্রহণের জন্য আমরা যুক্তরাজ্য ব্যাপী প্রায় 110,000 পরিবারদের আমন্ত্রণ জানিয়েছি। যদি আপনার পরিবারকে অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হয় তাহলে আপনি ডাকে একটা চিঠি পাবেন। দুর্ভাগ্যক্রমে, আপনি যদি কোনও চিঠি না পান তাহলে আপনি অংশ নিতে পারবেন না।

যদি আপনি চিঠি পেয়ে থাকেন ও অংশগ্রহণের অপেক্ষায় থাকেন, অনুগ্রহ করে নিচের সার্ভে লিঙ্কে ক্লিক করে আপনার চিঠিতে প্রিন্ট করা অনন্য অ্যাক্সেস কোড জানিয়ে দিন:

survey.natcen.ac.uk/travel

## অংশগ্রহণের জন্য আমাকে কেন বেছে নেওয়া হয়েছে?

যদি আপনাকে অংশগ্রহণে আমন্ত্রণ জানানো হয় তার মানে ভ্রমণ সার্ভের নির্বাচিত 'শহরগুলি'র মধ্যে কোনও একটায় সর্ব সাধারণের জন্য সহজপ্রাপ্য রয়্যাল মেল (Royal Mail)-এর আবাসীয় ঠিকানার তালিকা থেকে আপনার পরিবারকে বেছে নেওয়া হয়েছে। এই এলাকায় বসবাসকারী বিভিন্ন জনগোষ্ঠীর জীবনের প্রতীক স্বরূপ মতামত জানা নিশ্চিত করতে আমরা ঠিকানা বেছে নিয়েছি। ভ্রমণ সার্ভে এমন ভাবে তৈরি করা হয়েছে যাতে আমরা অংশগ্রহণকারী 'শহরে'র সব ধরণের মানুষের হাঁটা, হুইল করা বা সাইকেল চালানো বা না চালানো নির্বিশেষে, তাদের মতামত জানতে পারি।

## অংশগ্রহণে কি করা হবে?

আমরা আপনাকে একটা অনলাইন প্রশ্নমালায় অংশ নিতে আমন্ত্রণ জানাচ্ছি। এটা সম্পূর্ণ করতে প্রায় 15 মিনিট লাগবে।

এই প্রশ্নমালায় আপনার এলাকায়, মূলত ভ্রমণকে কেন্দ্র করে, বিশেষ করে হাঁটা, হুইল করা এবং সাইকেল চালানোর বিষয়ে, তাতে সাহায্য করার অবকাঠামো, আপনার ভ্রমণের আচরণ এবং আপনার কাজের স্থিতির মত অন্যান্য প্রশ্নের মত বিভিন্ন রকমের প্রশ্ন করা হবে। অংশগ্রহণ সম্পূর্ণ ঐচ্ছিক এবং কোনও প্রশ্নের উত্তর দিতে না চাইলে আপনি সেটা বাদ দিতে পারেন।

আপনার কাছে যে চিঠি পাঠানো হয়েছে তাতে অংশগ্রহণের সমস্ত নির্দেশ পাওয়া যাবে।

## কারা এই গবেষণা করছে?

সাসট্রান্স (Sustrans) অংশগ্রহণকারী স্থানীয় কর্তৃপক্ষের সাথে মিলে দ্য ন্যাশনাল সেন্টার ফর সোশাল রিসার্চ [The National Centre for Social Research (NatCen)] কে স্টাডি পরিচালনার দায়িত্ব দিয়েছে। NatCen ব্রিটেনের সবচেয়ে বড়, স্বতন্ত্র, সামাজিক গবেষণা সংস্থা। প্রায় 50 বছর যাবৎ, গুরুত্বপূর্ণ বিষয়ে সাধারণ মানুষের বাস্তব ধারণা জানতে এরা দাতব্য সংস্থা ও সরকারের সাথে কাজ করেছে। NatCen সমস্ত সরকারি বিভাগ ও রাজনৈতিক পার্টি থেকে স্বতন্ত্র।

## আমি যে তথ্য জানাই সেসব দিয়ে আপনারা কি করবেন?

আপনি যে তথ্য জানাবেন তা শুধুই গবেষণার উদ্দেশ্যে ব্যবহার করা হবে। সাসট্রান্স (Sustrans)-কে তথ্য জানানোর আগে NatCen নাম ও ঠিকানা সরিয়ে দেবে। সাসট্রান্সের (Sustrans) কাছে যেসব তথ্য আছে তা দিয়ে কয়েকজন উত্তরদাতার অনন্য চারিত্রিক বৈশিষ্ট্যের সংমিশ্রণ থাকলে, যেমন অংশগ্রহণকারী শহরগুলির মধ্যে একটিতে নির্দিষ্ট বয়স, লিঙ্গ ও জাতিগত পরিচয়সহ ব্যক্তি, তাদের চেনা সম্ভব। যে চিঠিতে আপনাকে অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হয়েছে তাতে উল্লেখ করা পার্টনার কর্তৃপক্ষের সাথে সাসট্রান্স (Sustrans) তথ্য শেয়ার করতে পারে এবং অনুরোধ করা হলে, বিশ্ববিদ্যালয়ের মত অন্যান্য গবেষকদের সাথে পরিচয়বিহীন ডেটা শেয়ার করতে পারে।

জনসাধারণের জন্য সহজপ্রাপ্য রিপোর্টে শতাংশ এবং পরিসংখ্যান রূপে ফলাফল পেশ করা হবে। কোনও ব্যক্তির পরিচয় জানানো হবে না, এবং বিপণনের উদ্দেশ্যে আপনার তথ্য ব্যবহার করা হবে না।

## অংশ নিলে আমি কি ভাউচার পাব?

যারা একটি প্রশ্নমালা সম্পূর্ণ করবেন তারা প্রত্যেকে ভাউচার চেয়ে নিতে পারেন। একজনের কাছ থেকে আমরা একটামাত্র প্রশ্নমালা নেব। প্রশ্নমালা সম্পূর্ণ করায় জালিয়াতি করা হলে তা খুঁজে বার করার জন্য পরীক্ষা করার ব্যবস্থা আছে।

## আমার উত্তর কি প্রভেদ আনতে পারবে?

ওয়াকিং অ্যান্ড সাইক্লিং ইন্ডেক্স রিপোর্ট সমেত সাসট্রান্সের কাজে ও আপনার স্থানীয় কর্তৃপক্ষের হাঁটা, হুইল করা এবং সাইকেল চালানো সংক্রান্ত নীতি এবং পরিবহন সম্পর্কিত সিদ্ধান্তে আপনার উত্তর সরাসরি প্রভাব ফেলবে। আপনার মত বাসিন্দাদের সাহায্য করতে, নীতি নির্ধারণে তথ্য সরবরাহ করতে ও জনসাধারণের অর্থ ব্যয়ে অন্যান্য তথ্যের সাথে, সেসব ব্যবহার করা হবে।

## আমাদের যোগাযোগ করুন

আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে travel.survey@natcen.ac.uk এ ইমেল করুন বা বিনামূল্যে 0808 168 1356-এ ফোন করুন।

## গোপনীয়তার নোটিস

NatCen এ, আপনার গোপনীয়তা রক্ষা করা, এবং আমরা যেভাবে ব্যক্তিগত ডেটা সংগ্রহ ও ব্যবহার করি সে বিষয়ে স্বচ্ছ থাকায় আমরা বদ্ধপরিকর। বর্তমান ডেটা নিরাপত্তার আইনানুসারে আমরা আপনার তথ্য একান্ত গোপন রাখব।

গোপনীয়তার নোটিস দেখতে এখানে ক্লিক করুন।

# ভ্রমণ সার্ভে: গোপনীয়তার নোটিস

NatCen এ, আপনার গোপনীয়তা রক্ষা করা, এবং আমরা যেভাবে ব্যক্তিগত ডেটা সংগ্রহ ও ব্যবহার করি সে বিষয়ে স্বচ্ছ থাকায় আমরা বদ্ধপরিকর। যেসব তথ্য দিয়ে আপনাকে চেনা যায়, অন্যদের থেকে আলাদা করা যায় - যেমন আপনার নাম, ডাক ঠিকানা ও ইমেল অ্যাড্রেস সেইগুলিকে ব্যক্তিগত ডেটা বলা হয়।

বর্তমান ডেটা নিরাপত্তার আইনানুসারে আমরা আপনার তথ্য একান্ত গোপন রাখব।

## ব্যক্তিগত ডেটা কেন সংগ্রহ করা হচ্ছে?

আপনার উত্তরের সাহায্যে সাসট্রান্স (Sustrans) এবং স্থানীয় কাউন্সিল ও সরকারের পার্টনাররা ভ্রমণের আচরণের বিষয়ে বুঝতে পারবে, নীতি নির্ধারণে তথ্য জানাতে পারবে এবং আপনার এলাকায় বিনিয়োগের যুক্তি দেখাতে পারবে।

ডেটা প্রক্রিয়াকরণের আইনী কারণটি বৈধ স্বার্থে করা হচ্ছে কারণ সাসট্রান্স (Sustrans) এবং স্থানীয় কাউন্সিল ও সরকারি পার্টনাররা স্থানীয় ভ্রমণের ব্যাপারে আপনার মতামত জানতে আগ্রহী।

আপনার ব্যক্তিগত ডেটা যাতে শুধুমাত্র গবেষণা ও পরিসংখ্যানের উদ্দেশ্যে ব্যবহার করা হয় তা ডেটা নিয়ন্ত্রণকারীর ভূমিকায় সাসট্রান্স (Sustrans) নিশ্চিত করবে।

সার্ভেতে অংশগ্রহণের ফলে আপনি কখনই বিক্রি বা বিপণন সংক্রান্ত ফোন পাবেন না।

## কি রকম ব্যক্তিগত ডেটা সংগ্রহ করা হবে?

ব্যক্তিগত ডেটা সংগ্রহ করা এই সার্ভের উদ্দেশ্য না, তবে অনন্য উত্তরের সংমিশ্রণ দিয়ে সম্ভবতঃ আপনাকে চিনে নেওয়া যাবে।

এই সার্ভেতে বিশেষ শ্রেণীর ডেটা সংক্রান্ত প্রশ্ন জিজ্ঞাসা করা হবে, বিশেষ করে আপনার জাতিগত পরিচয়, যৌন অভিমুখিতা এবং অক্ষমতা নিয়ে প্রশ্ন থাকবে, যা বেশি সংবেদনশীল, সুতরাং বেশি নিরাপত্তা প্রয়োজন।

## ব্যক্তিগত ডেটা কিভাবে সংগ্রহ করা হয়?

সর্ব সাধারণের জন্য সহজপ্রাপ্য রয়্যাল মেল (Royal Mail)-এর আবাসীয় ঠিকানার তালিকা থেকে সার্ভেতে অংশগ্রহণকারী পরিবারদের বেছে নেওয়া হয়েছে।

অনলাইনে বা কাগজে কলমে আপনাকে সার্ভে সম্পূর্ণ করতে আমন্ত্রণ জানানো হচ্ছে। অংশগ্রহণ সম্পূর্ণ ঐচ্ছিক এবং কোনও প্রশ্নের উত্তর দিতে না চাইলে আপনি সেটা বাদ দিতে পারেন।

## আমার ব্যক্তিগত ডেটা কোথায় জমা করে রাখা হবে?

আপনার ডেটা ইউকে এবং ইউরোপীয় অর্থনৈতিক এলাকা মধ্যে জমা করে রাখা হবে।

## আমার ব্যক্তিগত ডেটা কাদের সাথে শেয়ার করা হবে?

সার্ভে প্রক্রিয়াকারণের কয়েকটা কাজ, যেমন প্রিন্ট করা ও ডাকে পাঠানো সাব-কনট্রাক্টের মাধ্যমে করা হবে। NatCen-এর জন্য যেসব সাব-কনট্রাক্টর কাজ করে তাদের সবাইকে আমাদের অনুমোদিত

সাপ্লায়ারের তালিকা থেকে বেছে নেওয়া হয়। আমরা আগে থেকে এইসব সাপ্লায়ারকে যাচাই করে স্বাক্ষর সমেত চুক্তি ও সন্ধি বদ্ধ করে রাখি এবং প্রতি 12 মাসে তার নবায়ন করা হয়।

ডেটা নিয়ন্ত্রণকারীর ভূমিকায় সাসট্রান্স (Sustrans) শুধুমাত্র প্রাসঙ্গিক স্থানীয় কাউন্সিল এবং সরকারি পার্টনারদের সাথে গবেষণার উদ্দেশ্যে সার্ভের ডেটা শেয়ার করবে। সার্ভের ডেটায় ব্যক্তিগত ডেটার উপস্থিতির সম্ভাবনা থাকার ফলে এটা সর্বদা ডেটা শেয়ার করার চুক্তি দ্বারা সুরক্ষিত করা হবে।

## আপনারা আমার ব্যক্তিগত ডেটা কত দিন যাবৎ রেখে দেবেন?

31শে ডিসেম্বর, 2024 পর্যন্ত NatCen আপনার ব্যক্তিগত ডেটা রেখে দেবে, তারপর সেসব নষ্ট করে দেওয়া হবে।

গবেষণার উদ্দেশ্যে অনিশ্চিতকালের জন্য সাসট্রান্স (Sustrans) পরিচয়বিহীন সার্ভে রেখে দেবে, কারণ গবেষক ও নীতি নির্ধারকদের জন্য সার্ভের ডেটা পরবর্তীকালেও উপযোগী থাকবে।

## আপনার অধিকার

আপনার কাছে আপনার ডেটা অ্যাক্সেস করা, ভুল থাকলে তা সংশোধন করা, বা তা মুছে দিতে বলার অধিকার আছে। এছাড়া আপনার ডেটা প্রক্রিয়াকরণে আপত্তিও জানাতে পারেন বা আমাদের প্রক্রিয়াকরণ সীমাবদ্ধ করতে বলতে পারেন।

ডেটা পরিচয়বিহীন করে দেওয়ার পরে এটা সম্ভব হবে না।

ইনফর্মেশন কমিশনারের ওয়েবসাইট: https://ico.org.uk/your-data-matters-এ আপনার অধিকারের বিষয়ে আরও জেনে নিতে পারেন।

## আমাদের যোগাযোগ করুন

আমরা যেভাবে আপনার ব্যক্তিগত ডেটা ব্যবহার করি সেই সম্পর্কিত আরও তথ্যের জন্য এইভাবে আপনি আমাদের NatCen ডেটা প্রোটেক্সন অফিসারকে যোগাযোগ করতে পারেন:

ইমেল: dpo@natcen.ac.uk
ফোন: 020 7250 1866
ডাক ঠিকানা: 35 নর্দাম্পটন স্কোয়ার, লন্ডন, EC1V 0AX
(35 Northampton Square, London, EC1V 0AX)

এছাড়া আপনি এইভাবে সাসট্রান্স (Sustrans ) ডেটা প্রোটেক্সন ম্যানেজারকে যোগাযোগ করতে পারেন:

ইমেল: dataprotection@sustrans.org.uk
ফোন: 0117 926 8893
ডাক ঠিকানা: সাসট্রান্স, 2 ক্যাথেড্রাল স্কোয়ার, কলেজ গ্রীন, ব্রিস্টল, BS1 5DD
(Sustrans, 2 Cathedral Square, College Green, Bristol, BS1 5DD)

www.sustrans.org.uk/privacy-এ সাসট্রান্স (Sustrans)-এর ডেটা নিরাপত্তা নীতি পড়ে নিন।

## অভিযোগ

যদি আপনার মনে হয় যে আমরা আপনার ডেটা নিরাপত্তার অধিকার মান্য করিনি তাহলে dpo@natcen.ac.uk-এ আপনি আমাদের যোগাযোগ করতে পারেন। এছাড়া এখানে আপনার কাছে ইনফর্মেশন কমিশনারের অফিসে অভিযোগ দায়ের করার অধিকারও আছে:

ইনফর্মেশন কমিশনারের অফিস (Information Commissioner's Office)
ওয়াইক্লিফ হাউজ (Wycliffe House)
ওয়াটার লেন (Water Lane)
উইল্মস্লো (Wilmslow)
চেসায়ার (Cheshire)
SK9 5AF

টেলিফোন - 0303 123 1113
ওয়েবসাইট: https://ico.org.uk/concerns